

প্রেস বিজ্ঞপ্তি

নং-২০২০/১০/১৭-১

মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২০

তৃতীয় দিন পর্যন্ত ৯ কোটি টাকা মূল্যের কারেন্ট জাল আটক ও ৬ লক্ষ টাকা জরিমানা

ঢাকা, ১৭ অক্টোবর ২০২০ (শনিবার)

মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২০ বাস্তবায়নে তৃতীয় দিন (১৬ অক্টোবর) পর্যন্ত দেশের ৮টি বিভাগে ৪৪২ টি মোবাইল কোর্ট ও ৩০৫৯ টি অভিযান পরিচালনা করা হয়েছে। এর মাধ্যমে ৯ কোটি ১৩ লক্ষ ৪ হাজার টাকা মূল্যের ৬৫ লক্ষ ৯৯ হাজার ২০০ মিটার দৈর্ঘ্যের কারেন্ট জালসহ ৪৪৫ টি অন্যান্য অবৈধ জাল আটক করা হয়েছে। এসময়ের মধ্যে অবৈধভাবে মৎস্য আহরণের কারণে মৎস্য আইনের আওতায় ১৭৮ জন জেলেকে বিভিন্ন মেয়াদে জেল প্রদান করা হয়েছে এবং ৬ লক্ষ ৬৪ হাজার টাকা জরিমানা করা হয়েছে। মামলা করা হয়েছে ২৭৩টি। এসময়ে ৩.৩৬ মেট্রিক টন ইলিশ মাছ আটক করা হয়েছে।

এ সংক্রান্ত একটি প্রতিবেদন মৎস্য অধিদপ্তরে স্থাপিত মা ইলিশ সংরক্ষণ অভিযান সংক্রান্ত নিয়ন্ত্রণ কক্ষ থেকে আজ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

উল্লেখ্য ১৪ অক্টোবর হতে ০৪ নভেম্বর পর্যন্ত মোট ২২ দিন দেশব্যাপী ইলিশ আহরণ, পরিবহণ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় নিষিদ্ধ করেছে সরকার। এই ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহণ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় আইনত দণ্ডনীয় অপরাধ। আইন অমান্যকারীকে কমপক্ষে ১ বছর থেকে সর্বোচ্চ ২বছরের সশ্রম কারাদণ্ড অথবা ৫ হাজার টাকা পর্যন্ত জরিমানা অথবা উভয় দণ্ডে দণ্ডিত করার বিধান রয়েছে।

স্বাক্ষরিত/-

মোঃ ইফতেখার হোসেন

জনসংযোগ কর্মকর্তা

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০